দামুড়হুদা জয়রামপুরে মাটির রাস্তা এইচবিবি করণ কাজের উদ্বোধন

দামুড়হুদার জয়রামপুরে মাটির রাস্তা এইচবিবি করণ কাজের উদ্বোধন করা হয়েছে। মঙ্গলবার দুপুরে হাউলী ইউনিয়নের জয়রামপুর কাঁঠালতলাস্থ যাত্রী ছাউনির পার্শ্ব হতে মোজাম্মেলের জমি পর্যন্ত।

বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় ২০২২-২৩ অর্থ বছরে গ্রামীণ মাটির রাস্তাসমূহ টেকসই করণের লক্ষে হেরিংবন্ড (এইচবিবি) করণ (২য় পর্যায়) প্রকল্পের অধীন এক হাজার মিটার রাস্তা এইচবিবি করণ প্রকল্পের উদ্বোধন করা হয়। দামুড়হুদা উপজেলা চেয়ারম্যান আলি মুনছুর বাবু প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে কাজের আনুষ্ঠানিক উদ্বোধন করেন।

দামুড়হুদা উপজেলা নির্বাহী কর্মকর্তা রোকসানা মিতার সভাপতিত্বে উদ্বোধন অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন দামুড়হুদা উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা মিজানুর রহমান, হাউলী ইউপি চেয়ারম্যান নিজাম উদ্দিন, হাউলী ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আবু সাঈদ খোকন।

দামুড়হুদা উপজেলা প্রশাসন ও উপজেলা দূর্যোগ ব্যবস্থাপনা অফিসের বাস্তবায়নে উদ্বোধনী অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন
ইউপি সদস্য জাহাঙ্গীর আলম টিক্কা, ঠিকাদার হায়দার আলী, আওয়ামী লীগ নেতা আহসান কবীর রিপন, হাউলী ইউনিয়ন ছাত্রলীগের যুগ্মআহ্বায়ক রায়হানুল ইসলাম, উপজেলা ছাত্রলীগ নেতা মাসুম বিল্লাহসহ জয়রামপুর কুমারীদহ গ্রামের গণ্যমান্য ব্যক্তিবর্গ। সার্বিক সহযোগিতায় ছিলেন অফিস সহকারী জাকির হোসেন।

দামুড়হুদায় সুধীজনদের সাথে নবাগত নির্বাহী অফিসারের মতবিনিময়

দামুড়হুদা উপজেলার নবাগত নির্বাহী অফিসারের সাথে সুশীল সমাজের নেতৃবৃন্দের মতবিনিময় অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার বেলা সাড়ে ১১ টার দিকে দামুড়হুদা উপজেলা পরিষদ সভাকক্ষে মতবিনিময় অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতার সভাপতিত্বে মতবিনিময় সভায় প্রধান অতিথি ছিলেন দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সভাপতি চুয়াডাঙ্গা জেলা পরিষদের চেয়ারম্যান মাহফুজুর রহমান মনজু। প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, মেগা প্রকল্প থেকে শুরু করে দেশে উন্নয়ন অনেক হয়েছে। উন্নয়ন কার্যক্রম এগিয়ে নেয়ার পাশাপাশি স্বচ্চতা ও জবাবদিহিতা নিশ্চিত করতে হবে। তিনি আরও বলেন, রমজান মাস আগত। রমজান মাসকে সামনে রেখে অসাধু ব্যবসায়ীরা দ্রব্যমূল্যের দাম বাড়িয়ে দেয়। যা খুশি তাই করে। বিষয়টি কড়া নজরদারি করতে হবে। সরকারি সেবা নিশ্চিত করতে হবে। মাননীয় প্রধানমন্ত্রীর ঘোষনাকে মনে প্রাণে ধারণ করে সকলের সম্মিলিত প্রচেষ্টায় বাংলাদেশকে স্মার্ট বাংলাদেশ হিসেবে গড়ে তুলতে হবে।

দামুড়হুদা উপজেলা প্রশাসন কর্তৃক আয়োজিত মতবিনিময় সভায় বিশেষ অতিথির বক্তব্য রাখেন দামুড়হুদা উপজেলা চেয়ারম্যান আলি মুনছুর বাবু, উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক হাজি সহিদুল ইসলাম।

এছাড়াও বক্তব্য রাখেন দামুড়হুদা সদর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি উপজেলা ভাইস চেয়ারম্যান শহিদুল ইসলাম, মহিলা ভাইস চেয়ারম্যান সাহিদা খাতুন, দামুড়হুদা ইউপি চেয়ারম্যান হযরত আলী, জুড়ানপুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি অ্যাড, রেজাউল হক রেজা, সাধারণ সম্পাদক আবু তালেব, দামুড়হুদা ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শফিউল কবীর ইউসুফ, নতিপোতা ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মোমিনুল হক, নাটুদহ ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি হামিদুল্লাহ বিশ্বাস, সাধারণ সম্পাদক রেজাউল করিম, দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি এম, নুরুন্নবী, সাধারণ সম্পাদক বখতিয়ার হোসেন বকুল, উপজেলা শ্রমিক লীগের সভাপতি হাজি আব্দুল কাদির, বিটিভি চুয়াডাঙ্গা প্রতিনিধি রাজন রাশেদ, আওয়ামী লীগ নেতা সেলিম

উদ্দিন বগা, দর্শনা ৬ নং ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি আবু ফয়সাল, দামুড়হুদা বাসস্ট্যান্ড বাজার কমিটির সভাপতি মাকসুদুর রহমান রতন, যুবলীগ নেতা এসএম মহসিন, হযরত আলী, হায়দার আলী, হাফিজুর রহমান, হাবিবুর রহমান হাবীব, হাতেম আলী, শাহীন মোল্লা প্রমূখ।

অনুষ্ঠানটি সঞ্চালনায় ছিলেন দামুড়হুদা উপজেলা সমবায় অফিসার হারুন-অর রশীদ।

চুয়াডাঙ্গায় লানিং এন্ড আনিং প্রকল্পের প্রশিক্ষনার্থীদের মাঝে সার্টিফিকেট বিতরণ

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ কতৃক বাস্তবায়নাধীন লানিং এন্ড আনিং ডেভেলপমেন্ট প্রকল্পের আওতায় জব ফোরাম ও প্রশিক্ষনার্থী মাঝে সার্টিফিকেট বিতরণ করা হয়েছে।

ব্যাবিলন রিসোর্সেস লিমিটেড এন্ড ইজি টেকনোলজি এর আয়োজনে ও চুয়াডাঙ্গা জেলা প্রশাসনের সার্বিক সহযোগিতায় জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে মঙ্গলবার সকাল সাড়ে দশটার সময় চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) আরাফাত রহমানের সভাপতিত্বে সার্টিফিকেট বিতরণ করা হয়।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন ব্যাবিলন রিসোর্সস লিমেটেড এর সিনিয়র ম্যানেজার কামরুজ্জামান।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম খান। এ সময় প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, ডিজিটাল বাংলাদেশের আওতায় অনেক শিক্ষিত তরূণ এখন ঘরে বসে বিভিন্ন দেশের কাজ সহজে করছে। আইসিটি বা ফ্রিলান্সিং এর মাধ্যমে সহজে বাইরের দেশের টাকা দেশে আনা সম্ভব। সেই সাথে ফ্রিলান্সিং এর মাধ্যমে দেশের যে অধিক বেকার যুব সমাজ সহজে নিজেকে প্রতিষ্ঠিত করতে পারে।

এ সময় তিনি আরও বলেন, স্মার্ট বাংলাদেশের দিকে দিন দিন এগিয়ে যাচ্ছে বাংলাদেশ। তবে স্মার্ট বাংলাদেশে রুপান্তরে সবাই কে আইসিটি শিক্ষার উপর ও হাতে কলমে আইসিটি শিক্ষা নিতে হবে। এ সময় তিনি সকল ফ্রিলান্সারদের বৈধতার সাথে আয় করার জন্য আহবান জানান।

চুয়াডাঙ্গা ও মেহেরপুরের মোট ৪৮০ জনের হাতে লানিং এন্ড আনিং ডেভেলপমেন্ট প্রকল্পের আওতার প্রশিক্ষনার্থীদের চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম খান সাটিফিকেট প্রদান করেন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক) নাজমুল হামিদ রেজা, চুয়াডাঙ্গা জেলা প্রশাসনের নেজারত ডেপুটি কালেক্টর সাদাত হোসেন সহ ব্যাবিলন রিসোর্সেস লিমিটেড এন্ড ইজি টেকনোলজির কর্মকর্তা বৃন্দ।

প্রশিক্ষণার্থীদের মাঝে বক্তব্য প্রদান করেন তুহিন হোসেন,জেসমিন আক্তার।অনুষ্ঠানটির সার্বিক সঞ্চালনার দায়িত্ব ছিলেন ইশতিয়াক আহমেদ ও আনিতা আক্তার রুম্পা।

দর্শনা ওয়েভ ট্রেড ট্রেনিং সেন্টার গ্রাফিক্স ডিজাইন প্রশিক্ষনের শুভ উদ্বোধন

দর্শনা ওয়েভ ট্রেড ট্রেনিং সেন্টারে তিন মাস ব্যাপী গ্রাফিক্স ডিজাইন প্রশিক্ষনের শুভ উদ্বোধন করেছেন ওয়েভ ফাউন্ডেশনের নিবার্হী পরিচালক মহসিন আলী।

সোমবার বেলা ২টার দিকে পিকেএসফ এর সহযোগিতায় এবং ওয়েভ ফাউন্ডেশনের আয়োজনে এসইআইপি প্রশিক্ষন প্রোগ্রামের উদ্বোধন করা হয়।

দেশের বিভিন্ন অঞ্চল থেকে প্রশিক্ষনে অংশ গ্রহনকারী ২৫জন প্রশিক্ষণার্থী উদ্যেশ্যে নিবার্হী পরিচালক বলেন, যারা গ্রামে শহরে বিভিন্ন জায়গায় থাকে প্রশিক্ষনের সুযোগ বঞ্চিত। সে রকম

কিছু জায়গা থেকে প্রশিক্ষনের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি হতে পারে। যে কোন কাজ করতে গেলে শুরু করতে গেলে, বুঝতে গেলে প্রশিক্ষনের প্রয়োজনীয় জায়গা। প্রশিক্ষণ শেষ করে কাজ করা সম্ভব নয়। প্রশিক্ষণ নিয়ে ব্যক্তিগত উদ্যোগ থাকতে হবে। যদি চর্চা থাকে তাহলে সে ভাল ফলাফল পাবে এবং এন্টার পেনার হিসাবে নিজেকে গড়ে তুলতে সক্ষম হবে। এ অনুষ্ঠান শেষে চুয়াডাঙ্গা, জীবননগর ও দামুড়হুদা উপজেলার ৪২ জন কিশোর কিশোরীদের সাথে মতবিনিময় করেন। মতবিনিময় এর শুরুতেই কিশোর কিশোরীর নিবার্হী পরিচালকের হাতে ফুলের তোড়া তুলে দিয়ে সম্মান জানান।

এসময় তিনি এসব কিশোর-কিশোরীদের উদ্যোশে বলেন, শুধু চাকুরীর জন্য নয় নিজেদেরকে উদ্যোক্তা হিসাবে গড়ে তুলতে হবে। বিভিন্ন ধরনের প্রশিক্ষণ নিয়ে নিজ উদ্যোগে কাজ করে নিজেদের আয়ের ব্যবস্থা করতে হবে।

এসময় আরো উপস্থিত ছিলেন, অর্থ পরিচালক আমিরুল ইসলাম, প্রশিক্ষণ বিভাগের উপ-পরিচালক জহির রায়হান, সহকারী পরিচালক কিতাব আলী, সিনিয়ার সমন্বয়কারী কামরুজ্জামান যুদ্ধ ও এ্যাডভাইজার আব্দুস শুকুর। সমগ্র অনুষ্ঠান পরিচালনা করেন সিনিয়ার সমন্বয়কারী ও প্রশিক্ষন কার্যক্রমের অধ্যক্ষ আব্দুস সালাম।

আলমডাঙ্গায় মাথাভাঙ্গা নদীতে বালি উত্তোলন ঝুঁকিতে সেতু ও কমিউনিটি ক্লিনিক

আলমডাঙ্গার হাটবোয়ালিয়ায় আবাসন প্রকল্পে উন্নয়নের নামে মাথাভাঙ্গা নদী থেকে বাণিজ্যিক ভাবে উত্তোলন করা হচ্ছে বালি ।

এসব বালি নামমাত্র আবাসনে দিয়ে বিভিন্ন জায়গায় বিক্রি করবে বলে দাবি করেছে স্থানীয়রা। নদীর ২০ফিট গভীর থেকে ড্রেজিং করায় নদীর পাড় ভাঙার শঙ্কা করছে এলাকাবাসী। সরকারি কমিউনিটি ক্লিনিকের সন্নিকটে এমন বালি উত্তোলনের কর্মযোগ্য চালিয়ে যাচ্ছে

প্রভাবশালীরা।

স্থানীয় সূত্রে জানাযায়, যার ঘর ও জমি নেই এমন দুস্ত পরিবারকে জমিসহ ঘর উপহার দিচ্ছে সরকার। এমন তালিকায় উপজেলার হাটবোয়ালিয়ার মাথাভাঙ্গা নদীর পাড়েই গড়ে তোলা হচ্ছে সারিবদ্ধ ১২ টি পাঁকা স্থাপনা। দ্রুত প্রধানমন্ত্রী দুস্ত পরিবারকে ঘর উপহার দিবে।

ঘর নির্মাণ আলমডাঙ্গা উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসের মাধ্যমে উপজেলা নির্বাহি অফিসার সরাসরি দেখভাল করছে। এসব ঘরে ২ টি রুম ও একটি ডাইনিং রয়েছে। প্রতিটি ঘরের জন্য ৫ স্ট্রেয়ারিং করে বালির প্রয়োজন হবে। যা ১২ টি ঘরে ৬০ ট্রেয়ারিং বালি প্রয়োজন।

এসুযোগে স্থানীয় মেম্বারসহ কয়েকজন বালি উত্তোলনের মাধ্যমে বাণিজ্যিক সুবিধা নিতে মরিয়া হয়ে পড়েছে। ইতোমধ্যে মাথাভাঙ্গা নদীতে ভেড়ানো হয়েছে বালি উত্তোলনের জন্য ড্রেজিং মেশিন।

বালি মাটি আইনের ধারা ৪-এর (খ) অনুযায়ী, সেতু, কালভার্ট, বাঁধ, সড়ক, মহাসড়ক, রেললাইন ও অন্যান্য গুরুত্বপূর্ণ সরকারি ও বেসরকারি স্থাপনা অথবা আবাসিক এলাকা থেকে এক কিলোমিটারের মধ্যে বালু উত্তোলন নিষিদ্ধ।

তবে, ২শ’ মিটারের মধ্যে নির্মাণ করা হচ্ছে ব্রিজ। ২০ মিটারের মধ্যে রয়েছে কমিউনিটি ক্লিনিক ও ১শ’ মিটারের মধ্যে স্থানীয় পুলিশ ফাঁড়ি ও গুরুত্বপূর্ণ সড়ক। এছাড়াও বালি উত্তোলনের জায়গা থেকে প্রায় দেড়শ মিটারের মধ্যে সরকারি আবাসনের ১২ টি ঘর নির্মাণ করা হচ্ছে।

এ বিষয়ে ২ নম্বর ওয়ার্ডের মেম্বার সাহিনুর রহমান জানান, সরকারি ঘরে বালির প্রয়োজন স্বার্থে মাথাভাঙ্গা নদী থেকে ড্রেজিং করে বালি উত্তোলন করা হচ্ছে। তিনি আরো বলেন, উপজেলা নির্বাহী অফিসারের অনুমতিতে এ ড্রেজিং কাজ চালানো হচ্ছে।

এবিষয়ে উপজেলা নির্বাহী অফিসার রনি আলম নুর জানান, বালি উত্তোলনের জন্য কাউকে অনুমতি দেওয়া হয়নি। তবে, ঘরের জন্য কিছু বালি লাগবে। বিষয়টি দেখবে বলে আশ্বাস প্রদান করেন।

আলমডাঙ্গায় শিশু খাদ্য দোকানিকে জরিমানা,ভেজাল খাদ্য আগুনে পুড়িয়ে ধ্বংস

চুয়াডাঙ্গা জেলা ভোক্তা অধিকার অধিদপ্তরের অভিযানে নকল মোড়ক ভেজাল শিশু খাদ্য বিক্রয়ের অভিযোগে দুই দোকান মালিককে ৩০ হাজার টাকা জরিমানা করা হয়েছে। অভিযানে প্রায় ৩০ হাজার টাকা মূল্যের ভেজাল শিশু খাদ্য জব্দ করা হয়।

সোমবার দুপুরে আলমডাঙ্গা শহরের চারতলা মোড় এলাকায় এ অভিযান পরিচালনা করা হয়।

চুয়াডাঙ্গা জেলা ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সহকারী পরিচালক সজল আহমেদ জানান, আলমডাঙ্গা পৌর শহরের তারতলা মোড়ে মেসার্স জহির স্টোর ও মেসার্স মোল্লা স্টোরে নকল মোড়কে ভেজাল শিশু খাদ্য বিক্রয়ের অভিযোগ পাওয়া যায়।

সোমবার দুপুরে থানাপুলিশের সহযোগীতায় ওই দুই দোকানে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করা হয়।
এসময় মেসার্স জহির স্টোরের মালিক জহুরুল ইসলামকে ১০ হাজার ও মেসার্স মোল্লা স্টোরের মালিক জামিরুল ইসলামকে পৃথক আইনে ২০ হাজার টাকা জরিমানা করা হয়।

এছাড়াও নকল মোড়কসহ ভেজাল শিশু খাদ্য সামগ্রী জব্দ করা হয়। যা পরবর্তীতে পৌর এলাকার পশু হাটে আগুনে পুড়িয়ে ধ্বংস করা হয়।

এই অভিযানে আলমডাঙ্গা পৌরসভার স্যানিটারি ইন্সপেক্টর মো. মাহফুজুর রানা ও আলমডাঙ্গা থানা পুলিশের একটি টিম উপস্থিত থেকে অভিযানে সহযোগিতা করেন।

দামুড়হুদায় ২৭ জন মোটরসাইকেল চালকে ভ্রাম্যমান আদালতে জরিমানা

দামুড়হুদায় কাগজপত্র বিহিন মোটরসাইকেল চালানোর অপরাধে ২৭ জনকে ১৩ হাজার ৩ শত টাকা জরিমানা করেছেন ভ্রাম্যমান আদালত।

ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন দামুড়হুদা উপজেলার সহকারী কমিশনার ভূমি সজল কুমার দাস। সোমবার দিনভর অভিযান চালিয়ে এই জরিমানা করা হয়।

ভ্রাম্যান আদালত সূত্র থেকে জানাযায়, দামুড়হুদার কার্পাসডাঙ্গা সড়কের মুক্তারপুর সংলগ্ন ঈদগাহ মোড়ে আদালত বসিয়ে মোটর সাইকেল চালানো অবস্থায় হেলমেট ব্যবহার না করার অপরাধে অর্ধশত মোটর সাইকেল আটক করা হয়। এর মধ্যে অ্যাডভোকেট, মাস্টার ও সাংবাদিক এবং রাজনৈতিক কর্মীরাও বাদ পড়েননি। সড়ক পরিবহন আইন ২০১৮ এর ৯২(১) ধারা মোতাবেক ২৭ জন চালককে ১৩ হাজার ৩০০ টাকা জরিমানা করে মুচলেকা দিয়ে ছেড়ে দেওয়া হয়।

এ অভিযান অব্যাহত থাকবে বলে জানিয়েছেন আদালতের বিচারক দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার ভূমি সজল কুমার দাস। ভ্রাম্যমান আদালতের অভিযানে সহযোগিতা করেন দামুড়হুদা মডেল থানার একটি চৌকস টিম।

দামুড়হুদায় একক সঙ্গীত অনুষ্ঠান অনুষ্ঠিত

দামুড়হুদা উপজেলা শিল্পকলা একাডেমীর আয়োজনে একক সঙ্গীত অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

সোমবার সন্ধা সাড়ে ৭টার দিকে উপজেলা অডিটোরিয়াম হলে শিল্পকলা একাডেমির সদস্য ইসমাইল হোসেন একক সঙ্গীত পরিবেশন করেন।

নবাগত দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা প্রধান অতিথী হিসাবে উপস্থিত থেকে এই অনুষ্ঠানের উদ্বোধন করেন।এসময় বিশেষ অতিথী ছিলেন,উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সজল কুমার দাস।অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন সঙ্গীত শিল্পী আসমত আলি।

এছাড়াও অতিথি হিসাবে উপস্থিত ছিলেন,দামুড়হুদা উপজেলা আওয়ামীলীগের সাবেক সভাপতি সিরাজুল আলম ঝন্টু,দামুড়হুদা আব্দুল ওদুদ শাহ ডিগ্রি কলেজের অধ্যক্ষ কামাল উদ্দীন, ওদুদ শাহা ডিগ্রি কলেজের শিক্ষক মিল্টন কুমার শাহা,দামুড়হুদা সদর ইউনিয়ন আওয়ামীলীগের সাধারন সম্পাদক ও সাবেক জেলা পরিষদের সদস্য শফিউল কবির ইউসুফ,উপজেলা কৃষি সম্প্রসারন কর্মকর্তা অভিজিত কুমার বিশ্বাস,মাধ্যমিক একাডেমিক সুপারভাইজার রাফিজুল ইসলাম,উপজেলা পাট অফিসার রিয়াজুল ইসলাম,সঙ্গীত শিক্ষক আক্কাছ আলি,উপজেলা সাহিত্য পরিশদের সাধারন সম্পাদক আব্দুল আলিম, নজরুল ইসলাম,আবুল হাশেম,সাবেক ইউপি সদস্য আবুল হাশেম,জনি শাহ্, শিল্পি ছাইদুর রহমান প্রমুখ।

এর আগে ইসমাইল হোসেন কে ফুলেল সুভেচ্ছা জানান শিল্পকলা একাডেমির সদস্য বৃন্দু। সঙ্গীত অনুষ্ঠানে তবলাই ছিলেন,রাজন ও কিবোর্ডে ছিলেন আরিফ মাহমুদ। অনুষ্ঠান পরিচালনা করেন,উপজেলা সমবায় অফিসার হারুন অর রশিদ।

চুয়াডাঙ্গায় ওয়েভ ফাউন্ডেশনের প্রধান নির্বাহীর সাথে যুবদের মতবিনিময়

চুয়াডাঙ্গায় ওয়েভ ফাউন্ডেশনের প্রধান নির্বাহী পরিচালক মহসিন আলীর সাথে ওয়েভ ফাউন্ডেশনের বিভিন্ন প্রকল্পের আওতাধীন যুবদের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

সোমবার বেলা দুইটার সময় ওয়েভ ফাউন্ডেশনের ট্রেনিং সেন্টারে এই মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

মতবিনিময় সভায় ইয়ুথ লিডারশীপ ও যুব নেতৃত্ব এবং সামাজিক ব্যবসা উদ্যোক্তা তৈরিকৃত প্রজেক্টের আওতাধীন লিড বাংলাদেশ প্রকল্পের যুবক-যুবতী, ওয়েভ ফাউন্ডেশনের যুব নেতৃত্ব বিকাশিত করার সংগঠন ইয়ুথ অ্যাসেম্বলির যুবক-যুবতী এবং ওয়েভ ফাউন্ডেশনের বিভিন্ন প্রজেক্টের যুব প্রধানগণ উক্ত মতবিনিময় সভায় উপস্থিত ছিলেন।

এ সময় ওয়েভ ফাউন্ডেশনের প্রধান নির্বাহী পরিচালক মহসিন আলী যুবদের উদ্দেশ্য বলেন, যুব সমাজ একটা দেশের প্রধান চালিকাশক্তি । ২০৪১ সালে বাংলাদেশ উন্নত দেশে পরিণত হবে। আর এই অগ্রযাত্রায় কাণ্ডারি হবে দেশের যুবসমাজ। তরুণরাই দেশকে উন্নত অবস্থানে নিয়ে যেতে পারে। মাদক ও জঙ্গিবাদ যেন যুবসমাজকে বিপথগামী না করে সেদিকে নজর দেওয়া প্রয়োজন।

তিনি আরও বলেন, ওয়েভ ফাউন্ডেশন বিভিন্ন ট্রেডে যুবক ও যুব মহিলাদের প্রশিক্ষণ দেয়। সময়ের সঙ্গে প্রশিক্ষণে প্রোগ্রামিং ও ফ্রিল্যান্সিংয়ের মতো আধুনিক বিষয় যুক্ত হয়েছে।

মতবিনিময় সভায় আরও উপস্থিত ছিলেন, ওয়েভ ফাউন্ডেশনের উপ- নির্বাহী পরিচালক নাফিসা আলী,উপ-পরিচালক জহির রায়হান, সহকারী পরিচালক কিতাব আলী,সিনিয়র সমন্বয়কারী কামরুজ্জামান যুদ্ধ, সিনিয়র সমন্বয়কারী আব্দুস সালাম, এ্যাডভাইজার আব্দুস শুকুর, লিড বাংলাদেশ প্রকল্পের কো-অর্ডিনেটর শরিফুল আলম লিটন,ইয়ুথ লিডার মাহাবুব, প্লাবনি, সংগ্রাম ও সাকিব সহ ওয়েভ ফাউন্ডেশনের কর্মকর্তা বৃন্দ।

দামুড়হুদা কার্পাসডাঙ্গায় আইএফআইসি ব্যাংকের উদ্বোধন

দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা বাজারে তেল পাম্পের সামনে আইএফআইসি ব্যাংকের উদ্বোধন করা হয়েছে সোমবার সকাল ১০ টার দিকে।

সব ব্যাংকিং সেবা নিয়ে আই এফ আইসি ব্যাংক এখন আপনার দোরগোড়ায় এ শিরোনাম সামনে রেখে আইএফআইসি ব্যাংকের শুভ উদ্বোধন করা হয়।